# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩৫০

পর্ব-২৬: মন-গলানো উপদেশমালা (كتاب الرقَاق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - ভয় ও কান্না

## اَلْفصْلُ الثَّنِفْ (بَاب الْبكاء وَالْخَوْف)

---

আরবী

وَعَنْ عَائِشَةَ قَالَتْ: سَأَلَتْ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ هَذِهِ الْآيَةِ: (وَالَّذِينَ يُؤْتون مَا آتوا وقُلوبُهم وَجِلَةٌ) أَهُمُ الَّذِينَ يَشْرَبُونَ الْخَمْرَ وَيَسْرِقُونَ؟ قَالَ: «لَا يَا بِنْتَ الصِّدِّيقِ وَلَكِنَّهُمُ الَّذِينَ يَصُومُونَ وَيُصَلُّونَ وَيَتَصَدَّقُونَ وَهُمْ يَخَافُونَ أَنْ لَا يُقْبَلَ مِنْهُمْ أُولَئِكَ الَّذِينَ يُسَارِعُونَ فِي الْخَيْرَاتِ» . رَوَاهُ التِّرْمِذِيُّ وَابْن مَاجَه

حسن ، رواه الترمذی (2675) و ابن ماجہ (4198) ۔
(صَحِيح)

বাংলা

৫৩৫০-[১২] ’আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ (সা.) -কে একবার (নিম্নবর্ণিত) এ আয়াতটি সম্পর্কে প্রশ্ন করলাম- (وَالَّذِينَ يُؤْتون مَا آتوا وقُلوبُهم وَجِلَةٌ)
“এবং যারা তাদের যা দান করার তা ভীত-সন্ত্রস্ত অন্তরে দান করে”- (সূরাহ্ আল মু’মিনূন ২৩ : ৬০)। এরা কি তারা- যারা মদ্যপান করে এবং চুরি করে? তিনি বললেন, না, হে সিদ্দীকের কন্যা! বরং তারা এ আশঙ্কায় ভীত থাকে তাদের এ সমস্ত কাজগুলো সম্ভবত কবুল নাও হতে পারে। এরা ঐ সমস্ত লোক যারা অগ্রগামী থাকে কল্যাণময় কাজে। (তিরমিযী ও ইবনু মাজাহ)

ফুটনোট

সহীহ: তিরমিযী ৩১৭৫, ইবনু মাজাহ ৪১৯৮, সিলসিলাতুস্ সহীহাহ্ ১৬২, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৪৪৩১।

ব্যাখ্যা

ব্যাখ্যা : (وَالَّذِينَ يُؤْتونَ مَا آتوا)“যারা যাকাত দেয় ও দান-খয়রাত ইত্যাদি কাজে অর্থ ব্যয় করে” (وقُلوبُهم وَجِلَةٌ) “এবং তাদের অন্তর ভয়ে ভীত হয়ে থাকে” এ কারণে যে, যদি তাদের দান কবুল না হয় অথবা সঠিক পন্থায় ব্যয় না করার কারণে তাদেরকে শাস্তির আওতায় আনা হয়। আয়াতের বাকী অংশ হচ্ছে,(أَنَّهُمْ إِلٰى رَبِّهِمْ رٰجِعُوْنَ) “তারা তো তাদের রবের কাছেই প্রত্যাবর্তনকারী। (ولٰئِكَ يُسٰرِعُوْنَ فِى الْخَيْرٰتِ) “তারা তো কল্যাণকর কাজে সর্বদা দ্রুত প্রতিযোগিতায় লিপ্ত।” (وَ هُمْ لَهَا سٰبِقُوْنَ) “এবং তারা তাতে অগ্রগামী”- (সূরাহ্ আল মু'মিনূন ২৩ : ৬১)। অর্থাৎ তারা সমস্ত মানুষের চাইতে আনুগত্যমূলক কাজে অগ্রগামী। অথবা, সাওয়াবের দিকে অথবা জান্নাতের দিকে। (أَهُمُ الَّذِينَ يَشْرَبُونَ الْخَمْرَ وَيَسْرِقُونَ؟) আয়িশাহ্ (রাঃ) প্রশ্ন করলেন, তাদের ভীত হওয়ার কারণ কি? তাহলে তারা কি মদ পান করে এবং চুরি করে? রাসূলুল্লাহ (সা.) ও উত্তর দিলেন, না, হে সিদ্দীক-এর কন্যা! বরং তারা হলো ঐ প্রকৃতির লোক যারা সিয়াম পালন করে, সালাত আদায় করে এবং দান-খয়রাত করে। কিন্তু তারা ভয় করে যে, তাদের ‘আমলগুলো যদি কবুল না হয়। তারা যে মন্দ কাজ করে না তার প্রমাণ হচ্ছে আয়াতে শেষাংশ : (أُولٰئِكَ يُسٰرِعُوْنَ فِى الْخَيْرٰتِ) অর্থাৎ “তারা তো সর্বদা কল্যাণকর কাজে দ্রুত প্রতিযোগিতায় লিপ্ত।” (وَ هُمْ لَهَا سٰبِقُوْنَ) “এবং তাতে তারা অগ্রগামী।” আর এটাই হচ্ছে আল্লাহ তা'আলার বাণী(وَالَّذِينَ يُؤْتونَ مَا آتوا)-এর তাফসীর। (মিরক্বাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী ৮/৩১৭৫)।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=85329

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন